

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১৫০০.০১৭.২৭.০০২.১৬. ৪০৮

তারিখ : ২৮ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।  
১১ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ

যেহেতু, চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলার আহলা-করলডেঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব হামিদুল হক মান্নান এর বিরুদ্ধে কোতোয়ালী থানার মামলা নং-১৫(৮) জি.আর নং-৫১৬/১৪ কোতোয়ালী থানার অভিযোগপত্র নং-৬১২, তারিখ-০৯/১১/২০১৪ এবং বাকলিয়া থানার মামলা নং-১৪(৪) জি.আর নং-৩৯৭/২০১২, বাকলিয়া থানার অভিযোগপত্র নং-১২৮, তারিখঃ ১৮/০৬/২০১২ খ্রিঃ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে মর্মে জেলা প্রশাসক জানিয়েছেন;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর বিরুদ্ধে বিচারাধীন মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু উক্ত ইউপি চেয়ারম্যানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।



(শরীফা আহমেদ)

সিনিয়র সহকারী সচিব

☎ ৯৫৮৬৬০৫


Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১৫০০.০১৭.২৭.০০২.১৬. ৪০৮

তারিখ : ২৮ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।  
১১ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০২. উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম।
০৩. জনাব হামিদুল হক মান্নান, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), আহলা-করলডেঙ্গা ইউনিয়ন পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।
০৪. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



(শরীফা আহমেদ)

সিনিয়র সহকারী সচিব